

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭২৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মুকীম অবস্থার সালাতে বৃদ্ধি করা হয় ফজর ও মাগরিবের সালাত ব্যতিত

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ صَلَاةَ الْحَضَرِ زِيدَ فِيهَا خَلَا الْغَدَاةِ وَالْمَغْرِبِ

আরবী

2727 _ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ بِحَرَّانَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْحَسَنِ عَنْ دَاؤُدَ بْنِ أَبِي هِنْدٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ الصَّبَّاحِ الْعَطَّارُ قَالَ: حَدَّثَنَا مَحْبُوبُ بْنُ الْحَسَنِ عَنْ دَاؤُدَ بْنِ أَبِي هِنْدٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: فُرِضَت صَلَاةُ السَّفَرِ وَالْحَضَرِ رَكْعَتَيْنِ فَلَمَّا أَقَامَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِالْمَدِينَةِ زِيدَ فِي صَلَاةِ الْحَضَرِ رَكْعَتَانِ رَكْعَتَانِ وَتُرِكَت صَلَاةُ الْفَجْر لِطُول القراءة وصلاة المغرب لأنها وتر النهار _

الراوي: عَائِشَة | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2727 | خلاصة حكم المحدث: صحيح ـ ((الصحيحة)) (2814).

বাংলা

২৭২৭. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "সফর ও মুকীম উভয় অবস্থাতেই সালাত প্রথমে দুই রাকা'আত দুই রাকা'আত ফরয করা হয়। তারপর যখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় অবস্থান করেন, তখন মুকীম অবস্থার সালাতে দুই রাকা'আত দুই রাকা'আত করে বৃদ্ধি করা হয়। তবে দীর্ঘ কিরা'আত পাঠ করার নিমিত্ত্বে ফজরের সালাত ও মাগরিবের সালাত পূর্বের অবস্থায় রেখে দেওয়া হয়। কেননা মাগরিবের সালাত হলো দিনের বিতর।"[1]

ফুটনোট

[1] তাহাবী, শারহু মা'আনিল আসার: ১০/৪১৫।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী



রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহাহ: ২৮১৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন